# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৪৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَن سُفيان
بن أسدٍ الحضرميّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «كَبُرَتْ خِيَانَةً أَنْ تُحَدِّثَ أَخَاكَ حَدِيثًا هُوَ لَكَ بِهِ مُصَدِّقٌ وَأَنْتَ بِهِ كاذبٌ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৮৪৫-[৩৪] সুফ্ইয়ান ইবনু উসায়দ আল হাযরামী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেছেনঃ সবচেয়ে বড় বিশ্বাসঘাতকতা হলো তুমি তোমার কোন মুসলিম ভাইকে কোন কথা বললে এবং সে ওটাকে সত্য বলে জানল। অথচ প্রকৃতপক্ষ তুমি তার সাথে মিথ্যা বলেছ। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৯৭১, য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৭৫৪, য‘ঈফ আল আদাবুল মুফরাদ ৫৭, য‘ঈফুল জামি‘ ৪১৬২, শু‘আবুল ঈমান ৪৮২০, হিলইয়াতুল আওলিয়া ৬/৯১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৩৬৭।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, ‘‘যবারাহ্ (ضبارة) ইবনু মালিক আল হাযরামী’’ নামের বর্ণনাকারী মাজহূল। আর বাক্বিয়্যাহ্ ইবনু ওয়ালীদ একজন মুদাল্লিস রাবী। সে ‘আন দ্বারা হাদীস বর্ণনা করেছে। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ১২৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (كَبُرَتْ خِيَانَةً أَنْ تُحَدِّثَ أَخَاكَ) বড় খিয়ানাত বা বিশ্বাসঘাতকতা হলো তুমি তোমার কোন মুসলিম ভাইকে এমন কথা বলবে। (هُوَ لَكَ بِه مُصَدِّقٌ وَأَنْتَ بِه كاذبٌ) যে কথায় সে তোমার প্রতি নির্ভর করবে এবং তোমার

কথাকে বিশ্বাস করবে এবং ধারণা করবে, তুমি মুসলিম হিসেবে মিথ্যা বলতে পার না, ফলে সে তোমার কথায় বিশ্বাস করে অথচ তুমি সে বিষয়ে মিথ্যাবাদী। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সুফ্‌ইয়ান ইবনু উসায়দ আল হাযরামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75569

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন